

## সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী আ'লীগ অর্থনীতি বিপর্যস্ত করে গিয়েছিল, এখন চাঙ্গা হচ্ছে

সংসদ বার্তা পরিবেশক : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশের অর্থনীতি চাঙ্গা হতে শুরু করেছে, রিজার্ভের পরিমাণ বাড়ছে। আমরা দুর্নীতি ও অপচয় রোধ করার ব্যবস্থা নিয়েছি। গত সরকারের সময় যারা দুর্নীতি করেছে তাদের নিচয়ই বিচার হবে, তার প্রক্রিয়াও শুরু হয়েছে। বুধবার জাতীয় সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী এ কথা বলেন।

সংসদে প্রধানমন্ত্রীর জন্য আধ ঘণ্টার প্রশ্নকাল নির্দিষ্ট ছিল। প্রধানমন্ত্রীর উত্তর দেয়ার জন্য প্রশ্ন ছিল মোট ৬টি। এর ওপরই সংসদ সদস্যরা সম্পূরক প্রশ্ন করেন। জাতীয় পার্টি (এ) দলীয় সংসদ সদস্য বেগম রওশন এরশাদ, জিএম কাদের, জামাতে ইসলামীর সংসদ সদস্য দেলোয়ার হোসেন সাঈদী, মওলানা আবদুল নোবহানসহ বিএনপি দলীয় সংসদ সদস্যরা প্রধানমন্ত্রীকে প্রশ্ন করেন।

বিএনপি দলীয় সংসদ সদস্য ডা. মো. রুস্তম আলী ফরাজীর এক প্রশ্নের জবাবে

প্রধানমন্ত্রী বলেন, গত সরকার দেশের অর্থনীতিকে বিপর্যস্ত করে গিয়েছিল। বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল মাত্র ১শ' ১৫ কোটি ডলার। সরকারের অভ্যন্তরীণ ঋণের পরিমাণ দাঁড়িয়েছিল ৩৮ হাজার কোটি টাকায়। রেষ্ট্রায়ন্ট সংস্থাগুলোর লোকসানের পরিমাণ ৮ হাজার কোটি টাকা ছাড়িয়ে যায়। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণ করে দুর্নীতি ও অপচয়রোধ করার ব্যবস্থা করে। আমাদের বলিষ্ঠ পদক্ষেপের ফলে ধীরে ধীরে অর্থনীতি শক্তিশালী হতে শুরু করেছে।

জামাতে ইসলামীর দেলোয়ার হোসেন সাঈদীর এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, আমরা গত সরকারের দুর্নীতির খেতপত্র প্রকাশ করেছি। যারা দুর্নীতি করেছে আইন অনুযায়ী তাদের বিচার হবে সে প্রক্রিয়াও শুরু হয়েছে। জনগণ চাইলে গত সরকারের দুর্নীতি আরো প্রচার করা হবে। প্রয়োজনে পত্র-পত্রিকায় ছাপানোর ব্যবস্থা করা হবে।

**এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন**

প্রধানমন্ত্রী বলেন, উচ্চতর পর্যায়ে নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে সরকার আন্তর্জাতিক সহযোগিতায় বণ্ডায় 'এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন' নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা নিয়েছে।

এ বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশসহ এশিয়ার বিভিন্ন দেশের দরিদ্র পরিবারের মেয়েরা উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ পাবে। বিশ্ববিদ্যালয়টিতে ২০০৫ সালে প্রথম ছাত্রী ভর্তি পরিকল্পনা রয়েছে। বিএনপি দলীয় সংসদ সদস্য গাজী মোহাম্মদ শাহজাহানের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন। তিনি আরো বলেন, মহিলাদের কারিগরি শিক্ষা ও কর্মসংস্থানের জন্য বুলনা, রাজশাহী ও চট্টগ্রামে তিনটি বিভাগীয় সদরে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হচ্ছে। ভবিষ্যতে অনুরূপ আরো শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের উদ্যোগ নেয়া হবে।

জাতীয় পার্টি (এ) দলীয় সংসদ সদস্য বেগম রওশন এরশাদের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, গ্রাম পর্যায়ে মেয়েদের স্কুল থেকে ঋণে পড়ার বিরুদ্ধে সরকার নানা পদক্ষেপ নিয়েছে, মেয়েদের স্কুলে ধরে রাখার জন্য উচ্চ মাধ্যমিক পর্যন্ত ফ্রি শিক্ষা ও শিক্ষার জন্য অর্থ কর্মসূচি গ্রহণ করেছে।

**সরকারি প্রতিষ্ঠান বেসরকারি মালিকানায় দেয়া হবে**

সংসদ সদস্য আকবর আলীর এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, সরকারি প্রতিষ্ঠানগুলো যতো তাড়াতাড়ি সম্ভব ব্যক্তি মালিকানায় ফিরিয়ে দেয়ার ব্যবস্থা করা হচ্ছে। এ ব্যাপারে প্রশ্নোত্তর : পৃঃ ২ কঃ ৩

**প্রশ্নোত্তর : প্রধানমন্ত্রী**  
(১২ পৃষ্ঠার পর)

গ্রাইডেটাইজেশন বোর্ড কাজ করছে। তাদের রিপোর্ট পেলেই পদক্ষেপ নেব। তবে এ ব্যাপারে স্বচ্ছতা বজায় রাখা হবে।

**আটকেপড়া পাকিস্তানি প্রসঙ্গ**

জাতীয় পার্টির জিএম কাদেরের এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, সার্ক শীর্ষ সম্মেলনে আমি পাকিস্তানের রাষ্ট্রপতির সঙ্গে বাংলাদেশে আটকেপড়া পাকিস্তানিদের ফেরত নেয়ার ব্যাপারে আলোচনা করেছি। পাকিস্তানের রাষ্ট্রপতি আমাকে বলেছেন, তিনি বিষয়টি দেখবেন। সংসদ সদস্য নৈয়দ মঞ্জুর হোসেনের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, মায়ানমারকে সার্কের অন্তর্ভুক্ত করার ব্যাপারে এবার সম্মেলনে বিচ্ছিন্নভাবে আলোচনা হয়েছে। তবে এ ব্যাপারে সবাই একমত নয়। তাই সর্বসম্মত সিদ্ধান্ত হতে পারেনি।